কানাইঘাটে আলমগীর খুন: একজন গ্রেপ্তার, মূল আসামিরা ধরা- ছোঁয়ার বাইরে

কানাইঘাট প্রতিনিধিঃ কানাইঘাটের গাছবাড়ী বাজারে মোটর সাইকেলে ধাক্কা লাগায় আলমগীর হোসেন নামে এক সিএনজি অটোরিক্সা চালককে ধারালো চাকু দিয়ে কুপিয়ে হত্যার ঘটনায় মামলা দায়ের করা হয়েছে। মৃত আলমগীরের ছোট ভাই সালমান আহমদ বাদী হয়ে কানাইঘাট থানায় একটি হত্যা মামলা দায়ের করেন।মামলার এজহারভুক্ত আসামিরা হলেন নিজ দলইকান্দি আকুনি গ্রামের মৃত মো: শাহাব উদ্দিনের ছেলে সাদিক আহমদ(২২) ও কয়েছ আহমদ(২৬), একই গ্রামের হাফিজ কুতুব উদ্দিনের ছেলে সুলতান(৩২) ও লামার তালুক গ্রামের মাহফুজ আহমদ(২৫) অজ্ঞাতনামা আরো ২/৩ জন। থানার মামলা নং ০৪, তারিখ ০৮/০২/২০২৪ ইংরেজি। খুনের ঘটনায় একজন গ্রেপ্তার হলেও মূল আসামিরা ধরা- ছোঁয়ার বাইরে।

উল্লেখ্য, গত বুধবার (৭ ফেব্রুয়ারি) রাত সাড়ে ৮টার দিকে উপজেলার গাছবাড়ী বাজারে পল্লীবিদ্যুৎ মোড়ে অবস্থিত সিএনজি স্ট্যান্ডে উপরোক্ত আসামিরা সিএনজি চালক আলমগীরকে ছুরিকাঘাতে খুন করে।

মামলার এজহার ও স্থানীয় সূত্রে জানা যায়, ঝিঙ্গাবাড়ী ইউনিয়নের তিনচটি গ্রামের মৃত আলী আহমদ মিস্ত্রীর বড় ছেলে অটোরিক্সা সিএনজি চালক আলমগীর হোসেন (৩২) এর সিএনজি গাড়ীর সাথে একই ইউনিয়নের আকুনি গ্রামের শাহাব উদ্দিনের ছেলে সাদিক আহমদের মোটর সাইকেলে ধাক্কা লাগে। এ নিয়ে মোটর সাইকেল চালক সাদিক আহমদ ও তার সাথে থাকা আরো এক যুবক উত্তেজিত হয়ে তাদের সাথে থাকা ধারালো চাকু দিয়ে অটোরিক্সা চালক আলমগীরকে এলোপাতাড়ি ভাবে কুপাতে থাকে। এতে ঘটনাস্থলেই আলমগীর হোসেন এর মর্মান্তিক মৃত্যু হয়। ঘটনার সময় আশপাশ থেকে লোকজন এগিয়ে আসতে দেখে ঘাতকরা মোটরসাইকেল রেখেই পালিয়ে গেলে উত্তেজিন জনতা তাদের মোটরসাইকেলটি পুড়িয়ে দেন।

এ ঘটনায় বুধবার গভীর রাতে চতুল এলাকা থেকে সুলতান নামে একজনকে গ্রেফতার করা হয়। অন্য আসামিরা পলাতক রয়েছেন।